# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**২৭ মে (বুধবার)**

[**সময়কালঃ** ২৭.০৫.২০২০–৩১.০৫.২০২০]



## ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
ই-মেইলঃ pdamisdp@dae.gov.bd
ফোনঃ ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা ১-২ ডিগ্রী সে. হ্রাস পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে। এছাড়াও, মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে সারাদেশে যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। বিভিন্ন জেলার জন্য বিস্তারিত কৃষি আবহাওয়া পরামর্শ নীচে দেওয়া হলো।

**বোরো ধান:**

- বৃষ্টিপাতের পর পরিপক্ক ফসল সংগ্রহ করে দ্রুত নিরাপদ জায়গায় রাখুন। ফসল সংগ্রহ করার সময় কৃষকদের মধ্যে যথাযথ দূরত্ব বজায় রাখতে হবে।
- বোরো ধানে গান্ধী পোকা ও বাদামী গাছ ফড়িং এর আক্রমণ দেখা দিতে পারে। গান্ধী পোকার আক্রমণ থেকে রক্ষার জন্য প্রতি লিটার পানিতে ২ গ্রাম কার্বারিল ৫০ ডব্লিউপি মিশিয়ে স্প্রে করুন। অতিরিক্ত সেচ প্রয়োগ থেকে বিরত থাকতে হবে যেন গোড়া পচে না যায়। বাদামী গাছ ফড়িং এর আক্রমণ থেকে রক্ষার জন্য অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন। বালাইনাশক প্রয়োগ করার সময় কৃষকদের মধ্যে যথাযথ দূরত্ব বজায় রাখতে হবে।
- জমির পানির স্তর ২-৫ সেমি বজায় রাখুন। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করে ফেলুন।
- ব্লাস্ট রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বিকেলে অথবা সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টার মধ্যে বালাইনাশক প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- বোরো চাষ পুরোদমে চলছে। কাজেই অন্যান্য রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে এবং উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় থেকে প্রদত্ত পরামর্শ অনুযায়ী বালাই ব্যবস্থাপনা করতে হবে।

**ভুট্টা:**

- ৬০-৭০ দিন বয়সী গাছে তৃতীয় সেচ প্রদান থেকে বিরত থাকুন। এ সময় বৃষ্টিপাতের পানির সদ্ব্যবহার করা যেতে পারে।
- আগাছা নিধন করুন।
- প্রয়োজন অনুযায়ী পাতলাকরণ করতে হবে।
- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**চীনা বাদাম:**

- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষা পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে টিক্কা রোগের আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রনের জন্য প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি:**

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- উচ্চ তাপমাত্রার কারণে পরিপক্ক সবজি সকালে বা বিকালে সংগ্রহ করে ছায়াযুক্ত স্থানে রাখুন।
- ঢেঁড়শ, কুমড়া, শশা, ধুন্দল, লাউ প্রভৃতি গ্রীষ্মকালীন সবজির আন্ত:পরিচর্যা করুন।
- ঢেঁড়শ এর মাইট দমনের জন্য প্রতি লিটার পানিতে ১.৫-২ মিলি ইথিয়ন মিশিয়ে স্প্রে করতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- ঢলে পড়া কলাগাছ ও অন্যান্য উদ্যানতাত্বিক ফসল খুঁটির সাহায্যে সোজা করে দিন, সবজিতেও খুঁটির ব্যবস্থা করুন।
- তাপমাত্রা বৃদ্ধির কারণে আম, পেয়ারা ও লেবুজাতীয় ফসলে ফলের মাছি পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। কাজেই আমের ছোট গাছের জন্য ছায়ার ব্যবস্থা করুন।
- আম বাগানে খুব সকালে, বিকালে বা রাতে সেচ প্রদান করুন।
- সংগ্রহ করার পর যেন আমে রোগের আক্রমণ না হয় সেজন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করুন। ফল গরম পানিতে ১০ মিনিট ডুবিয়ে রেখে তারপর পাকার জন্য রেখে দেওয়া যেতে পারে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**পাট:**

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- বিছা পোকার আক্রমণ দেখা দিলে
    - ডিম সংগ্রহ করে ধ্বংস করুন
    - আলোক ফাঁদ ব্যবহার করুন
    - প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোপ্রিড মিশিয়ে স্প্রে করুন।
- ঘোড়া পোকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোপ্রিড মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- তাপমাত্রা বৃদ্ধির কথা বিবেচনা করে গবাদি পশুকে ছায়ায় রাখতে হবে এবং পর্যাপ্ত পানি পান করাতে হবে।
- সকাল ১০টার পর এবং বেলা ৩টার আগে খোলা জায়গায় গবাদি পশু চরানো থেকে বিরত থাকতে হবে।
- গবাদি পশুর স্বাস্থ্য সুরক্ষায় খাবারের সাথে প্রতিদিন ৫০গ্রাম আয়োডিনযুক্ত লবন এবং ৫০ থেকে ১০০ গ্রাম মিনারেল মিক্সচার মিশিয়ে দিন।
- বিভিন্ন রোগ থেকে রক্ষার জন্য পশু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।

**হাঁসমুরগী:**

হাঁস মুরগী তাপদাহ থেকে বাঁচাতে—

- খুব সকালে এবং শেষ বিকেলে খাবার খাওয়াতে হবে
- শেডে যথাযথ বায়ু চলাচল ও সীমিত সংখ্যক হাঁসমুরগীর বিচরণ নিশ্চিত করতে হবে
- খাঁচা ঠান্ডা রাখতে চটের ব্যাগ দিয়ে ঢেকে দিতে হবে এবং পানি ছিটিয়ে দিতে হবে।

**মৎস্য:**

- পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, পানির সমতল বৃদ্ধি করতে হবে এবং খাবার কম দিতে হবে।
- পুকুরে পানি ভরার জন্য শুধুমাত্র বৃষ্টির ওপরে নির্ভর করা যাবে না। পানির গভীরতা কম হলে মাছ তুলে ফেলতে হবে।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (২৭ মে ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ২৬ মে ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ২৭ মে ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ৬৩ | ৩২.৭ | ২০.৭ | রাজশাহী | রাজশাহী | ৩০ | ৩৪.৬ | ২১.২ |
| | টাঙ্গাইল | ৬৫ | ৩৩.০ | ২১.০ | | ঈশ্বরদী | ৭৪ | ৩৪.০ | ২১.৪ |
| | ফরিদপুর | ০৭ | ৩৩.৮ | ২০.৮ | | বগুড়া | ৮৪ | ৩২.৫ | ২০.৫ |
| | মাদারীপুর | ০০ | ৩৩.৫ | ২০.৯ | | বদলগাছী | ৭২ | ৩৩.০ | ২০.২ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৩.৫ | ২১.০ | | তাড়াশ | ৫৮ | ৩২.৬ | ২০.১ |
| | নিকলি | ৫১ | ৩২.৫ | ২১.২ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ১৫ | ৩১.১ | ২২.০ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ৬৪ | ৩০.৬ | ২২.৩ | | দিনাজপুর | ১৪৫ | ৩৩.২ | ২০.৭ |
| | নেত্রকোনা | ৭৪ | ৩০.২ | ২১.৫ | | সৈয়দপুর | ৩৪ | ৩৩.৬ | ২০.৯ |
| | | | | | | তেঁতুলিয়া | ১৯ | ২৯.৬ | ১৮.৭ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সামান্য | ৩৩.৪ | ২৭.৫ | | ডিমলা | ৩৬ | ২৯.৫ | ২০.৫ |
| | সন্দ্বীপ | ০০ | ৩২.৫ | ২৮.৪ | | রাজারহাট | ২৫ | ৩০.২ | ২১.৫ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৩.০ | ২৮.০ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩৩.৫ | ২৬.৭ | খুলনা | খুলনা | ০০ | ৩৩.৫ | ২২.০ |
| | কুমিল্লা | ১৩ | ৩২.৪ | ২০.৫ | | মংলা | ০০ | ৩৩.৫ | ২৭.৪ |
| | চাঁদপুর | ০১ | ৩৩.৬ | ২১.৬ | | সাতক্ষীরা | ০১ | ৩৩.৫ | ২৪.২ |
| | মাইজদীকোর্ট | ০০ | ৩৩.৭ | ২১.৮ | | যশোর | ১৫ | ৩৪.৬ | ২২.৬ |
| | ফেনী | ০৪ | ৩৩.৫ | ২১.২ | | চুয়াডাঙ্গা | ৬০ | ৩৪.৫ | ২১.৭ |
| | হাতিয়া | | ৩৩.০ | ২৮.০ | | কুমারখালী | ০০ | ৩৪.০ | ২০.৮ |
| | কক্সবাজার | ০০ | ৩২.৫ | ২৮.৪ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩৩.০ | ২৮.০ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৩.৫ | ২২.২ |
| | টেকনাফ | ০০ | ৩৩.২ | ২৭.১ | | পটুয়াখালী | ০০ | ৩৩.৭ | ২৭.৯ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৩.৩ | ২৮.৬ |
| সিলেট | সিলেট | ৬২ | ২৯.০ | ২১.০ | | ভোলা | ০০ | ৩৩.৫ | ২২.৫ |
| | শ্রীমঙ্গল | ৩৮ | ৩৩.০ | ২১.০ | | | | | |

**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্বল সূর্যকিরণ কালের গড় ৫.০০ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৫০ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


পূর্বাভাসঃ ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।


তাপমাত্রা ঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রি সেঃ হ্রাস পেতে পারে।


## সপ্তাহের শেষে (২৬ মে ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন






Anomaly Rainfall (mm)
(20/05/2020 - 26/05/2020)
No Rain (-100%)
Scanty (-60% to -99%)
Deficient (-20% to -59%)
Normal (-19% to 19%)


Anomaly MaximumTemperature (°C)
(20/05/2020 - 26/05/2020)
(°C)
-6 -4 -2 0 2


Minimum Temperature (°C)
(20/05/2020 - 26/05/2020)
(°C)
22 24 26 28


Anomaly Minimum Temperature (°C)
(20/05/2020 - 26/05/2020)
(°C)
-2 -1 0 1 2 3


Diurnal Temperature (°C)
(20/05/2020 - 26/05/2020)
(°C)
3 4 5 6 7
Anomaly Diurnal Temperature (°C)
(20/05/2020 - 26/05/2020)
(°C)
-2 -1 0 1 2
Maximum Humidity (%)
(20/05/2020 - 26/05/2020)
(%)
86 90 94 98 100
Minimum Humidity (%)
(20/05/2020 - 26/05/2020)
(%)
60 65 70 75 80 85





## আবহাওয়া পূর্বাভাস


### আবহাওয়া পূর্বাভাস ২৭/০৫/২০২০ হতে ০৩/০৬/২০২০ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৫.০০ থেকে ৬.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।
আগামী সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ের ঢাকা, ময়মনসিংহ, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর বিভাগের অনেক স্থানে এবং খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) থেকে ভারী (৪৪-৮৮ মি. মি./প্রতিদিন) বর্ষণের সম্ভবনা রয়েছে।
- এ সময়ে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


### আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (২৭ মে হতে ৩১ মে ২০২০ পর্যন্ত)



Accumulated Rainfall (mm)
(27/05/2020 - 31/05/2020)
(mm)
No Rain/Trace 1 50 100 200 400 600



Maximum Temperature (°C)
(27/05/2020 - 31/05/2020)
(°C)
30 32 34 36 38 40


Minimum Temperature (°C)
(27/05/2020 - 31/05/2020)
(°C)
24 25 26 27 28


Diurnal Temperature (°C)
(27/05/2020 - 31/05/2020)
(°C)
3 5 7 9 11 13



Maximum Humidity (%)
(27/05/2020 - 31/05/2020)
(%)
71 75 79 83 87 91


Minimum Humidity (%)
(27/05/2020 - 31/05/2020)
(%)
51 58 65 72 79 86



Wind Speed (knots)
(27/05/2020 - 31/05/2020)
(knots)
2 4 6 8 10

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 20 (12 May-18 May 2020) over Agricultural regions of Bangladesh





NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 20 (12 May-18 May 2020) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 20 (12 May-18 May 2020) over Agricultural regions of Bangladesh





NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 20 (12 May-18 May 2020) over Agricultural regions of Bangladesh



## Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)

দেখা গেছে যে গত চার সপ্তাহের মধ্যে (মে সহ) ২০২০ পশ্চিমের অংশে অবস্থিত জেলাগুলি চরম ভেজা পরিস্থিতি বিরাজ করছে এবং হালকা থেকে মাঝারিভাবে ভেজা পরিস্থিতি দক্ষিণ -পশ্চিম এবং কেন্দ্রীয় অংশে বিরাজ করছে এবং অতি শুকনো পরিস্থিতি উত্তর-পূর্ব অংশ,  দক্ষিণ-পূর্ব এবং দক্ষিণ অংশে কিছু পকেট বিরাজ করছে গত চার সপ্তাহ ধরে বাংলাদেশে ।




ডেটা সোর্স: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর